



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১০৬

### আন্তর্জাতিক নারীনির্ষাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষ্যে রাজশাহীতে পথসভা

রাজশাহী; ১৪ অগ্রহায়ণ (২৯ নভেম্বর):

জেলা প্রশাসন ও মহিলাবিষয়ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে 'আন্তর্জাতিক নারীনির্ষাতন প্রতিরোধ পক্ষ ২০২২' উদযাপন উপলক্ষ্যে আজ (২৯ নভেম্বর) সকালে রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এক পথসভা অনুষ্ঠিত হয়। 'সবার মাঝে ঐক্য গড়ি, নারী ও শিশু নির্ষাতন বন্ধ করি'- প্রতিপাদ্য নিয়ে ১০ ডিসেম্বর পর্যন্ত ১৫ দিনব্যাপী এই পথসভা কর্মসূচির শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক আব্দুল জলিল।

উদ্বোধনকালে জেলা প্রশাসক বলেন, বর্তমান সরকার নারী উন্নয়নে বহুমাত্রিক ব্যবস্থা ও কার্যক্রম গ্রহণ করেছেন। যদি নারীদেরকে আমরা পেছনে ফেলে রাখি, কখনো আমরা দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করতে পারব না। কাজেই আর্থ-সামাজিক, সাংস্কৃতিক, মনোজাগতিকসহ যেকোনো ধরনের উন্নয়ন করতে নারী-পুরুষ একসঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে চলতে হবে।

বিগত দশ থেকে বিশ বছরে নারীদের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন হয়েছে উল্লেখ করে আব্দুল জলিল বলেন, বর্তমান সরকার নারী ও শিশুনির্ষাতন সম্পূর্ণরূপে বন্ধ করতে বদ্ধপরিকর। নারীদেরকে সম্মান দেখিয়ে, নারীর প্রতি সব ধরনের নির্ষাতন ও বৈষম্য বিলোপ করে যাতে আমরা নারী-পুরুষ একসঙ্গে সমাজকে এগিয়ে নিতে পারি সেজন্য কাজ করতে হবে।

পথসভায় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনীতিক, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ এবং গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

সিকান্দার/রোকন/২০২২/১২.৫৫ঘ.